

2024-06

IUB Footballers Stand Out in Manchester City Corporate Cup 2024

Banglanews24.com

<https://ar.iub.edu.bd/handle/11348/1121>

Downloaded from IUB Academic Repository



/ খেলা

যুক্তরাজ্যে আইইউবির ফুটবলারদের অনন্য সাফল্য

- ম্যানচেস্টার সিটি করপোরেট কাপ

নিউজ ডেস্ক

প্রকাশ: ০৬ জুন, ২০২৪ ০৭:৪৬



Share 0



ঢাকা: যুক্তরাজ্যে অনুষ্ঠিত ম্যানচেস্টার সিটি করপোরেট কাপে রানারআপ হয়েছে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ

ইংলিশ প্রিমিয়ার লিগের বিখ্যাত ক্লাব ম্যানচেস্টার সিটি এফসির আয়োজনে ফাইভে সাইড টুর্নামেন্টটি গত ৩০ মে থেকে ১ জুন ক্লাবের নিজস্ব ইতিহাদ স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়।

আইইউবির এ তিন খেলোয়াড় হলেন- মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী ইনতিশার মোস্তফা চৌধুরী, ফাইন্যান্স বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ফয়েজ আহমেদ পিয়াস ও হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট বিভাগের প্রাক্তন শিক্ষার্থী রাকিবুল জনি।

এদের মধ্যে ইনতিশার ফরোয়ার্ড হিসেবে খেলে গোল করেছেন চারটি ও সহায়তা করেছেন সাত গোলে।

ফয়েজ রাইট উইংয়ে খেলে গোল করেন ছয়টি ও সহায়তা করেন পাঁচটি গোলে। রাকিবুল মিডফিল্ডার হিসেবে খেলে একটি গোল করার পাশাপাশি সহায়তা করেন চারটি গোলে।


ম্যানচেস্টার সিটি এফসির আয়োজনে এ বছর বিশ্বের নানা প্রান্ত থেকে আসা ৩২টি দল নকআউট ফরম্যাটে প্রতিদ্বন্দ্বিতা করে।

এদের মধ্যে ছিল বহুজাতিক কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান ও প্রযুক্তি কোম্পানি।

১৮৯৪ সালে প্রতিষ্ঠিত ম্যানচেস্টার সিটি এফসি, যা ম্যান সিটি নামে বহুল পরিচিত এবং ইংল্যান্ড ও ইউরোপের শীর্ষ ফুটবল ক্লাবগুলোর মধ্যে একটি। ইংলিশ প্রিমিয়ার লিগ ও উয়েফা চ্যাম্পিয়ন্স লিগেও ক্লাবটির উল্লেখযোগ্য সাফল্য রয়েছে।

বাংলাদেশ সময়: ১৩৪৪ ঘণ্টা, জুন ০৬, ২০২৪

আরবি

 banglanews24 Google News channel বাংলাদেশিউজটোয়েন্টিফোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন.

শেয়ার করুন :     

সম্পর্কিত খবর

Loading...

Loading...

Loading...

Loading...